

# বিআরটিসি'র বিশেষ কার্যক্রমসমূহ

- নিয়মিত যাত্রীসেবার বাইরে ঈদ, হজ্জ, বিশ্ব ইজতেমা, রপ্তানী মেলাসহ অন্যান্য প্রয়োজনের সময়ে বিআরটিসি বিশেষ বাস সার্ভিস প্রদান করে থাকে।
- জাতীয় দুর্যোগ মোকাবেলায় এবং সরকারের জরুরি প্রয়োজনে বিআরটিসি তাৎক্ষণিকভাবে পরিবহন (পণ্য ও যাত্রী) সেবা প্রদান করে আসছে।
- প্রতিবন্ধী, বৃদ্ধ মহিলা-পুরুষ ও রোগীদের জন্য বিআরটিসি বাসে উঠা-নামার জন্য র‍্যাম্প স্থাপন করা হয়েছে।
- খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধা ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য বিআরটিসি'র বাসে বিনা ভাড়ায় যাতায়াতের সুবিধা প্রদান করা হয়েছে।
- মহিলা, শিশু ও প্রতিবন্ধীদের জন্য প্রতিটি বাসে ১৫টি আসন আলাদাভাবে সংরক্ষণ করা হচ্ছে।
- বিআরটিসি'র বাস ধুমপান মুক্ত করার লক্ষ্যে বাসে “ধুমপানমুক্ত পরিবহন” সম্বলিত স্টিকার স্থাপন করা হয়েছে।
- বিআরটিসি'র মতিঝিল বাস ডিপোতে আন্তর্জাতিক ও আন্তঃজেলা যাত্রীদের সুবিধার্থে সু-পরিসর বিশ্রামাগার নির্মাণ করা হয়েছে।
- মহিলা, মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধীদের হ্রাসকৃত ফি-তে ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।
- স্কুল/কলেজ/সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানে শিক্ষা সফর/আনন্দ ভ্রমণ/বনভোজনসহ বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে যাতায়াতের জন্য সুলভে বাস সার্ভিস প্রদান করা হয়।
- ডিপোর সাথে নিয়মিত ভিডিও কনফারেন্স।
- ঢাকা শহরে বিআরটিসি বাসের মাধ্যমে চক্রাকার রুটে যাত্রীসেবা প্রদান।
- ই-ফাইলিং এ মধ্যম ক্যাটাগরির ৪৮টি সংস্থার মধ্যে ধারাবাহিকভাবে প্রথম ০৩টি স্থানের মধ্যে অবস্থান।
- নিয়মিতভাবে চালক নিয়োগ/প্রশিক্ষণ প্রদান।
- ভারতের LOC-2 এর আন্ততায় ৬০০টি বাস ও ৫০০টি ট্রাক বিআরটিসি বহরে নতুন সংযোজন। অপ্রচলিত রুটে (Unconventional Route) বাস সার্ভিস প্রবর্তন।
- বেহাত হওয়া সম্পত্তি পুনরায় বিআরটিসি'র দখলে আনয়ন।
- SEIP প্রকল্পের আওতায় ৩৬০০০ জনকে ড্রাইভিং ও গাড়ী রক্ষণাবেক্ষণ কোর্সে প্রশিক্ষণ প্রদান।
- ছাত্র-ছাত্রী ও মহিলাদের জন্য আলাদা বাস সার্ভিসের প্রবর্তন।
- জাতীয় দুর্যোগ/রাষ্ট্রীয় জরুরী প্রয়োজনে বিআরটিসি'র বিশেষ বাস সার্ভিস।
- আন্তর্জাতিক ০৫টি রুটে বাস সার্ভিস চালু।
- মাননীয় প্রধানমন্ত্রীর সাথে ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ভারত হতে প্রাপ্ত বাস ও ট্রাক উদ্বোধন।
- সকল স্তরের সম্পদ সুষ্ঠু ব্যবহারের মাধ্যমে কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন।
- কর্ম-পরিকল্পনায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) সম্পাদন, তথ্য অধিকার আইনে (RTI) তথ্য প্রদান এবং অভিযোগ নিষ্পত্তিকরণ (GRS)।
- প্রতিদিন সংশ্লিষ্ট বিভাগের দায়িত্বরত কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে ই-ফাইলিং প্রশিক্ষণ/ কার্যক্রম গ্রহণ।
- ইনোভেটিভ টিম গঠন এবং উদ্ভাবনী ধারণা প্রদান।
- বিআরটিসি'র নগর এবং আন্তঃনগর বাস সার্ভিসে অন-লাইন টিকেটিং ও ই-টিকেটিং পদ্ধতি চালু রয়েছে।
- বিআরটিসি'র সকল বাস এবং ট্রাকে “ভেহিক্যাল ট্রাকিং সিস্টেম” চালু করার পরিকল্পনা প্রক্রিয়াধীন আছে।
- বিআরটিসি'র সকল প্রশিক্ষণ ইনস্টিটিউট/ কেন্দ্রে প্রশিক্ষণ সুবিধাদি বৃদ্ধি করে আধুনিক ও দৃষ্টিমন্দন করা।
- ঢাকা হতে জেলা, উপজেলায় ও তৃণমূল পর্যন্ত যাত্রীসেবা প্রদানের লক্ষ্যে আরো নতুন নতুন রুট চালু করা।

- আন্তঃআঞ্চলিক পর্যায়ে বিআরটিসি'র আরো নতুন রুট চালু করার পরিকল্পনা রয়েছে; যার মাধ্যমে ব্যবসা-বাণিজ্য, অর্থনীতি, সাংস্কৃতিক ইত্যাদি বিষয়ে প্রতিবেশী দেশগুলির মধ্যে দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক সম্পর্ক বৃদ্ধি পাবে।
- ঢাকা ও ঢাকার পাশ্চাত্তী এলাকায় বিআরটিসি'র ডিপোতে পার্কিং সুবিধাসহ বহুতলবিশিষ্ট ভবন ও ওয়াশিং প্লান্ট নির্মাণের পরিকল্পনা রয়েছে।
- বিআরটিসি'র সকল ডিপোতে ড্রাইভিং প্রশিক্ষণ সেন্টার চালু করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- তেজগাঁও কেন্দ্রীয় মেরামত কারখানা এবং গাজীপুর সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা যোগপযোগী ও আধুনিকায়নের লক্ষ্যে উন্নতমানের সরঞ্জামাদি সংযোজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।
- বিআরটিসি'র দুটি মেরামত কারখানা (গাজীপুরস্থ আইসিডব্লিউএস ও তেজগাঁওস্থ সিডব্লিউএস) আধুনিকায়ন করা।
- বিআরটিসি'র গাড়িসমূহ পরিষ্কার-পরিচ্ছন্ন করার নিমিত্ত ০৫টি ওয়াশিং প্লান্ট স্থাপন করা হবে।
- নতুন চালুকৃত ০৫টি বাস ডিপো এবং ০২টি ট্রাক ডিপোর অবকাঠামোর উন্নয়ন।
- নৈতিকতা কমিটি গঠন ও ফোকাল পয়েন্ট নির্ধারণ।
- মন্ত্রীপরিষদ বিভাগ চাহিত সংশোধনীসহ বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন আইন, ২০১৮ এর খসড়া প্রেরণ।
- বিআরটিসি'র ওয়েবসাইটে দুর্নীতি দমন কমিশনের হটলাইন নাম্বার স্থাপন।
- অনলাইনে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকরণ।
- নৈতিকতা সম্পর্কিত বিষয়ে বিআরটিসি'র ডিপোগুলোতে চালকদের নিয়মিত উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ।
- বিআরটিসি'র কর্মকর্তা/কর্মচারীদের শুদ্ধাচার পুরস্কার প্রদানের ব্যবস্থা।